২

দৈনিক ইত্তেফাক

তারিখ 22 NOV 1998
পৃষ্ঠা ৪ কলাম ৭

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়েও সেশনজট!

আমরা উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের 'ডিপ্লোমা ইন কম্পিউটার এ্যাপ্লিকেশন 'প্রোগ্রামের প্রথম ব্যাচের ছাত্র-ছাত্রী। আমাদের প্রথম সিমেষ্টার জানুয়ারী-জুন'৯৮ -এর পরীক্ষা গত ২৪শে জুলাই শেষ হইয়াছে। কিন্তু অদ্যাবধি সেই পরীক্ষার ফল প্রকাশিত হয় নাই। পরীক্ষার ফল জানিবার জন্য আঞ্চলিক কেন্দ্রে বহুবার গিয়াছি। কিন্তু ফল প্রকাশের তারিখ জানিতে পারি নাই। আমাদের এখন দ্বিতীয় সিমেষ্টার পরীক্ষার প্রস্তুতি নেওয়ার কথা। প্রথম ব্যাচের ছয় মাসের সিমেষ্টার যদি এক বছরে শেষ হয় তবে পরবর্তী ব্যাচসমূহের অবস্থা কী দাঁড়াইবে তাহা বলাই বাহুল্য। আমাদের দেশের সাধারণ বিশ্ববিদ্যালয়সমূহে সেশনজটের প্রধান কারণ হিসাবে ছাত্র-রাজনীতিকে দায়ী করা হয়। কিন্তু উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে সেশনজটের কারণ কী, তাহা আমাদের বোধগম্য নহে। এমতাবস্থায়, অনতিবিলম্বে আমাদের ফলাফল প্রকাশের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ মিজানুল ইসলাম,
গ্রাম ঃ হড়গ্রাম, রাজশাহী
৬২০১